


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি সংস্কার বোর্ড  
শাখা-১ (প্রশাসন)  
ভূমি ভবন (লেভেল ২ ও ৩)  
তেজগাঁও, ঢাকা-১২০৮।  
[www.lrb.gov.bd](http://www.lrb.gov.bd)

- বিষয় : ভূমি সংস্কার বোর্ডের জানুয়ারি, ২০২৪ মাসের বোর্ড সভার কার্যবিবরণী।  
সভাপতি : মোঃ আব্দুস সবুর মন্ডল, বিপিএএ  
চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।  
সভার তারিখ ও সময় : ১৬ জানুয়ারি, ২০২৪ খ্রি., বেলা: ০৩.০০ ঘটিকা।  
সভার স্থান : মিনি কনফারেন্স রুম, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।  
উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট- 'ক' তে সংযুক্ত

সভাপতি সভায় উপস্থিত ভূমি সংস্কার বোর্ডের সকল সদস্য ও সভায় সহায়তাকারী কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ জনাব মুহাম্মদ রফিকুল ইসলামকে সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার আহ্বান জানান। অতঃপর কার্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	সিদ্ধান্ত	দায়িত্ব
(১)	ভূমি সংস্কার বোর্ডের প্রশিক্ষণসমূহ কার্যকরভাবে বাস্তবায়নের জন্য মডিউল তৈরি করে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। সাবেক ও বর্তমান ভূমি বিষয়ক বিশেষজ্ঞদের নিয়ে ১৫ জনের বিশেষজ্ঞ প্যানেল (Resource person pool) তৈরি করতে হবে।	শাখা-৬
(২)	অটোমেশন প্রকল্প এর সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ ও কর্মশালাসমূহে সহকারী কমিশনার (ভূমি), কানুনগো, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তা, সার্ভেয়ারদেরকে অংশগ্রহণকারী হিসেবে মনোনয়ন দিতে হবে।	শাখা-৬
(৩)	প্রতিমাসে অনলাইন ও অফলাইন ডাকে প্রাপ্ত পত্র সংখ্যা ও নথিতে উপস্থাপিত পত্রের সংখ্যার তথ্য সংগ্রহ করে গঠিত কমিটির মাধ্যমে মাসিক ভিত্তিক পর্যালোচনা করার ব্যবস্থা করা হবে। অনতিবিলম্বে ডিসেম্বর, ২০২৩ মাসের এ সংক্রান্ত মাসিক প্রতিবেদন উপস্থাপন করতে হবে।	শাখা-১ ও আইটি শাখা
(৪)	ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ কর্তৃক ভূমি অফিস পরিদর্শনের নিমিত্তে পরিদর্শনে কী কী কার্যক্রম অন্তর্ভুক্ত হবে তা নির্ধারণের জন্য ০৪ (চার) সদস্য বিশিষ্ট গঠিত কমিটি অনতিবিলম্বে কমিটির সুপারিশ প্রণয়ন করবেন। এ কমিটির সিদ্ধান্ত ও সুপারিশ মোতাবেক পরবর্তীতে সংশ্লিষ্ট অংশীজন নিয়ে একটি কর্মশালার আয়োজন করবে।	শাখা-১
(৫)	(ক) মাঠ পর্যায়ের বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়সমূহের জন্য গাড়ি ক্রয়ের ব্যবস্থা গ্রহণ কার্যক্রম শুরু করতে হবে। (খ) মেয়াদউত্তীর্ণ যানবাহনসমূহ অকেজো ঘোষণার কার্যক্রম গ্রহণ করতে হবে।	শাখা-২
(৬)	অকৃষি ও কৃষি খাসজমি চিহ্নিতকরণ, সরেজমিন তদন্ত ও বাস্তব প্রতিবেদন সংশ্লিষ্ট খাসজমি ব্যবস্থাপনা কমিটিতে আলোচনা করে পুনরুদ্ধারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	শাখা-৬
(৭)	ভূমি সংস্কার বোর্ড ও মাঠ পর্যায়ের উপ-ভূমি সংস্কার কমিশনার এর শূন্য পদ পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।	শাখা-১
(৮)	মাঠ পর্যায়ে অফিসসমূহের অডিট আপত্তির তথ্য সংগ্রহ করে তা নিষ্পত্তির জন্য ব্যবস্থা নিতে হবে। সুনির্দিষ্ট নির্দেশনা দেয়া অডিট আপত্তি নিষ্পত্তির জন্য হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর সাথে আলোচনা করে সহযোগিতার ক্ষেত্র নির্ধারণ করতে হবে।	শাখা-১

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় ভূমি সংস্কার বোর্ডের মাসিক বোর্ড সভায় উপস্থিত বোর্ডের সদস্যগণ ও সহায়তাকারী কর্মকর্তাগণকে ধন্যবাদ জানান এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সকলকে অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আব্দুস সবুর মন্ডল, বিপিএএ

চেয়ারম্যান (সচিব)

ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

ফোন নং-০২-৮১৭০১৪৩

ই-মেইল-[Chairman@lrb.gov.bd](mailto:Chairman@lrb.gov.bd)

স্মারক নং ৩১.০২.০০০০.০১১.০৮.০০৪.২৩. (অংশ-৩)-৩১

তারিখ: ০২ মাঘ ১৪৩০  
১৬ জানুয়ারি ২০২৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে :

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, তেজগাঁও, ঢাকা।
৩. মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার-ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১. সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
২. উপ ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
৩. উপ ভূমি সংস্কার কমিশনার- ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৪. সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
৫. চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।



১৬/০১/২০২৪

(মুহাম্মদ রফিকুল ইসলাম)

সহকারী ভূমি সংস্কার কমিশনার

(সিনিয়র সহকারী সচিব)

ভূমি সংস্কার বোর্ড, ঢাকা

ফোন: ০২-৮১৭০১৫২

ই-মেইল: [alrc1@lrb.gov.bd](mailto:alrc1@lrb.gov.bd)